গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মুরাদনগর, কুমিল্লা।

স্মারক নং-০৫.৪২.১৯৮১.০০০.৪২.০২৭.১৮- ৭৮৬

তারিখ: ১৬/০২/২০২৩খ্রি:

বিষয়: বাল্যবিবাহ নিরোধ উপজেলা কমিটি গঠন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ৩২.০০.০০০০.০৩৯.২২.০৯১.১৮.১৩৬ তারিখ: ০৭/১১/২০১৮খ্রি: নং স্মারকের আলোকে মুরাদনগর উপজেলা বাল্যবিবাহ নিরোধ উপজেলা কমিটি গঠন করা হলো:

## বাল্যবিবাহ নিরোধ উপজেলা কমিটি

| ক্র:নং | নাম ও পদবী | কমিটিতে পদবী |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, মুরাদনগর, কুমিল্লা | সভাপতি |
| ০২ | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান | সদস্য |
| ০৩ | উপজেলা পুরুষ ভাইস চেয়ারম্যান | ঐ |
| ০৪ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | ঐ |
| ০৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | ঐ |
| ০৬ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | ঐ |
| ০৭ | উপজেলা সমবায় কর্মকর্তা | ঐ |
| ০৮ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | ঐ |
| ০৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | ঐ |
| ১০ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা | ঐ |
| ১১ | অফিসার ইনচার্জ, মুরাদনগর থানা | ঐ |
| ১২ | অফিসার ইনচার্জ, বাঙ্গরা বাজার থানা | ঐ |
| ১৩ | চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা | ঐ |
| ১৪ | সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান | ঐ |
| ১৫ | অধ্যক্ষ, কাজী নোমান আহাম্মেদ কলেজ | ঐ |
| ১৬ | প্রধান শিক্ষক, মুরাদনগর নুরুন নাহার বালিকা উচ্চবিদ্যালয় | ঐ |
| ১৭ | প্রধান শিক্ষক, কোম্পানীগঞ্জ বদিউল আলম উচ্চবিদ্যালয় | ঐ |
| ১৮ | ম্যানেজার, ব্র্যাক প্রতিনিধি, মুরাদনগর | ঐ |
| ১৯ | ম্যানেজার, এইড, মুরাদনগর | ঐ |
| ২০ | জনাব ফরিদউদ্দিন আহম্মেদ, সাধারন সম্পাদক , উপজেলা স্কাউট, মুরাদনগর, কুমিল্লা | ঐ |
| ২১ | জনাব রেবেকা সুলতানা, প্রধান শিক্ষক, মুরাদনগর, কুমিল্লা | ঐ |
| ২২ | রবিউল ইসলাম হৃদয়, নবম শ্রেণি, ডিআর পাইলট সরকারি উচ্চ বিদ্যালয়, মুরাদনগর, কুমিল্লা | ঐ |
| ২৩ | নাফিসা আক্তার স্বস্তিকা, নবম শ্রেণি, ডিআর পাইলট সরকারি উচ্চ বিদ্যালয়, মুরাদনগর, কুমিল্লা | ঐ |
| ২৪ | মোহাম্মদ আলী, বিবাহ নিবন্ধক ১৩নং মুরাদনগর ইউনিয়ন | ঐ |
| ২৫ | ভোলানাথ চক্রবর্তী, পুরোহিত, কামাল্লা, মুরাদনগর, কুমিল্লা | ঐ |
| ২৬ | মোহাম্মদ আবদুল আউয়াল খন্দকার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য সচিব |

## কমিটির কার্যপরিধি

ক) বাল্যবিবাহ প্রতিরোধকল্পে ইউনিয়ন কমিটির তদারকি, সমন্বয়, পরিবীক্ষণ ও মূল্যায়ন এবং প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান।

খ) জেলা কমিটি হতে প্রাপ্ত নির্দেশনা/সুপারিশ বাস্তবায়ন।

গ) বাল্যবিবাহ প্রতিরোধকল্পে সামাজিক সচেতনতা সৃষ্টির লক্ষ্যে লোকসংস্কৃতি, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াসহ স্থানীয় পত্রিকা, কেবল নেটওয়ার্ক, বিলবোর্ড, পোস্টার, লিফলেট, প্রামান্যচিত্র, ওয়ার্কসপ, সেমিনার, সিম্পোজিয়াম ইত্যাদির মাধ্যমে বাল্যবিবাহের কুফল সম্পর্কে প্রচারনার ব্যবস্থা গ্রহণ।

ঘ) বাল্যবিবাহ প্রতিরোধের চ্যালেঞ্জসমূহ চিহ্নিত এবং তাহা মোকাবেলায় জেলা কমিটির নিকট প্রয়োজনীয় সুপারিশ প্রেরণ।

ঙ) প্রতিমাসে সম্পাদিত কার্যাবলির প্রতিবেদন তফসিল-২ এ উল্লিখিত ফরম ক, খ ও গ অনুযায়ী প্রণয়ন এবং উহার অনুলিপি জেলা কমিটির সভাপতির নিকট প্রেরণ।

চ) মোবাইল কোর্ট আইন ২০০৯ এর অধীন নিষ্পত্তিকৃত মামলার তথ্যাদি তফসিল-৭ সংরক্ষণ

ছ) ডাটাবেজ তৈরিকরণ।

২৬.০২.২৬

মো: আলাউদ্দীন ভূঞা জনী
উপজেলা নির্বাহী অফিসার
মুরাদনগর, কুমিল্লা

২৬/০২/২০২৬

..............................

..............................

..............................

অনুলিপি সদয় অবগতির জন্য:

১। জেলা প্রশাসক, কুমিল্লা।
২। চেয়ারম্যান, মুরাদনগর উপজেলা পরিষদ, কুমিল্লা।
৩। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, কুমিল্লা।

২৬.০২.২৬

উপজেলা নির্বাহী অফিসার
মুরাদনগর, কুমিল্লা।

২৬/০২/২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
আইন শাখা
www.mowca.gov.bd

নম্বর: ৩২.০০.০০০০.০৩৯.২২.০৯১.১৮.১৩৬

তারিখ: ২৩ কার্তিক ১৪২৫
০৭ নভেম্বর ২০১৮

**প্রজ্ঞাপন**

"বাল্যবিবাহ নিরোধ বিধিমালা ২০১৮" এর বিধি ৯(১) অনুযায়ী উপজেলা কমিটি নিম্নরূপভাবে গঠন করা হলো :

| | |
|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার, যিনি উহার সভাপতিও হইবেন; |
| ২. | উপজেলা পরিষদের সকল ভাইস চেয়ারম্যান ; |
| ৩. | পৌরসভার মেয়র কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি, যদি থাকে; |
| ৪. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা;; |
| ৫. | উপজেলা শিক্ষা কর্মকর্তা; |
| ৬. | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা; |
| ৭. | উপজেলা সমবায় কর্মকর্তা; |
| ৮. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা; |
| ৯. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা; |
| ১০. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা; |
| ১১. | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা; |
| ১২. | জাতীয় মহিলা সংস্থার উপজেলা কমিটির চেয়ারম্যান; |
| ১৩. | সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ; |
| ১৪. | উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত –<br>(ক)উপজেলা সদরে অবস্থিত মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়,কলেজ, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান এবং মাদ্রাসার একজন করিয়া প্রধান শিক্ষক বা অধ্যক্ষ বা তত্ত্বাবধায়ক;<br>(খ) বাল্যবিবাহ প্রতিরোধ অথবা নারী ও শিশু অধিকার সম্পর্কিত কার্যক্রম রহিয়াছে এইরূপ দুইটি বেসরকারি সংস্থার (এনজিও) একজন করিয়া উপযুক্ত প্রতিনিধি, যাহাদের মধ্যে একজন মহিলা হইবেন;<br>(গ) বাল্যবিবাহ প্রতিরোধ অথবা নারী ও<br>শিশু অধিকার সংরক্ষণ কার্যক্রমে অভিজ্ঞতাসম্পন্ন সংশ্লিষ্ট উপজেলায় বসবাসরত দুইজন প্রতিনিধি যাহাদের মধ্যে একজন মহিলা হইবেন ;<br>(ঘ) উপজেলা সদরে অবস্থিত মাধ্যমিক বিদ্যালয়ের একজন ছাত্র এবং একজন ছাত্রী;<br>(ঙ)একজন নিকাহ রেজিস্ট্রার ও অন্যান্য ধর্মের একজন করিয়া বিবাহ নিবন্ধক ; |
| ১৫. | ওয়ান-স্টপ ক্রাইসিস সেলের প্রোগ্রাম অফিসার; এবং |

| | |
|---|---|
| ১৬. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কমিটির সদস্য-সচিবও হইবেন। |

- ক্রমিক নং ১৪ এর অধীন বর্ণিত মনোনীত সদস্যগণ তাহাদের মনোনয়নের তারিখ হইতে পরবর্তী ০৩ (তিন) বৎসর মেয়াদে সদস্যপদে অধিষ্ঠিত থাকিবেন ;

- তবে শর্ত থাকে যে, উপজেলা নির্বাহী কর্মকর্তা উক্ত মেয়াদ শেষ হইবার পূর্বে যে কোন সময় ,কারণ দর্শানো ব্যতিরেকে,উক্তরূপ মনোনীত কোনো সদস্যকে সদস্য পদ হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে এবং মনোনীত কোনো সদস্যও উপজেলা নির্বাহী কর্মকর্তার উদ্দেশ্যে স্বীয় স্বাক্ষরযুক্ত পত্রযোগে পদত্যাগ করিতে পারিবেন ।
- উপজেলা কমিটি ,প্রয়োজনে কোনো ব্যক্তি বা সংস্থার প্রতিনিধিকে উহার সদস্য কো-অপ্ট করিতে পারিবে।
- সংশ্লিষ্ট উপজেলার সংসদ-সদস্যগণ উপজেলা কমিটির প্রধান উপদেষ্টা এবং উপজেলা চেয়ারম্যান উপদেষ্টা হইবেন।

০২। উপজেলা কমিটির দায়িত্ব ও কার্যাবলি - বাল্যবিবাহ নিরোধ বিধিমালা ২০১৮ এর বিধি ১১ অনুযায়ী উপজেলা কমিটির দায়িত্ব ও কার্যাবলি নিম্নরূপ হইবে –

(ক) বাল্যবিবাহ প্রতিরোধকল্পে ইউনিয়ন কমিটির কার্যক্রম তদারকি, সমন্বয়, পরিবীক্ষণ ও মূল্যায়ন এবং প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান;

(খ) জেলা কমিটি হইতে প্রাপ্ত নির্দেশনা/সুপারিশ বাস্তবায়ন;

(গ) বাল্যবিবাহ প্রতিরোধকল্পে সামাজিক সচেতনতা সৃষ্টির লক্ষ্যে লোকসংস্কৃতি, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াসহ স্থানীয় পত্রিকা, কেবল নেটওয়ার্ক, বিলবোর্ড, পোস্টার, লিফলেট, প্রামান্যচিত্র, ওয়ার্কশপ, সেমিনার, সিম্পোজিয়াম, সামাজিক নেটওয়ার্কিং এর মাধ্যমে বাল্যবিবাহের কুফল সম্পর্কে প্রচারণার ব্যবস্থা গ্রহণ;

(ঘ) বাল্যবিবাহ প্রতিরোধের চ্যালেঞ্জসমূহ চিহ্নিত এবং তাহা মোকাবেলায় জেলা কমিটির নিকট প্রয়োজনীয় সুপারিশ প্রেরণ;

(ঙ) প্রতি পঞ্জিকা বৎসরের শুরুতে বাল্যবিবাহ প্রতিরোধকল্পে কর্মপরিকল্পনা গ্রহণ ও তাহা বাস্তবায়ন;

(চ) প্রতিমাসে সম্পাদিত কার্যাবলীর প্রতিবেদন তপশিল-২ এ উল্লিখিত ফরম ক,খ ও গ অনুযায়ী প্রণয়ন এবং উহার অনুলিপি জেলা কমিটির সভাপতির নিকট প্রেরণ।

(ছ) মোবাইল কোর্ট আইন ২০০৯ এর অধীন নিষ্পত্তিকৃত মামলার তথ্যাদি তপশিল-৭ অনুযায়ী সংরক্ষণ এবং

(জ) ডাটাবেজ তৈরিকরণ।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[signature]

৭-১১-২০১৮

দিলওয়ারা আলো

উপ-সচিব

(ঝ) "সচিব" বলিতে "সচিবালয় নির্দেশমালা ২০১৪" তে বর্ণিত সচিবসহ সিনিয়র সচিবকেও বুঝাইবে;

(ঞ) "ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি" অর্থ আইনের ধারা ৪ এর অধীন ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি।

৩। জাতীয় কমিটি গঠন, ইত্যাদি।—(১) বাল্যবিবাহ প্রতিরোধের নিমিত্ত নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে জাতীয় কমিটি গঠিত হইবে, যথা:—

(১) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী বা প্রতিমন্ত্রী, যিনি উহার সভাপতিও হইবেন;

(২) স্পীকার কর্তৃক মনোনীত জাতীয় সংসদের একজন মহিলা-সদস্য;

(৩) সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়;

(৪) সচিব, আইন ও বিচার বিভাগ;

(৫) সচিব, তথ্য মন্ত্রণালয়;

(৬) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়;

(৭) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;

(৮) সচিব,কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;

(৯) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ;

(১০) সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ;

(১১) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়;

(১২) সচিব, স্থানীয় সরকার বিভাগ;

(১৩) সচিব, জননিরাপত্তা বিভাগ;

(১৪) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়;

(১৫) সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়;

(১৬) সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়;

(১৭) সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়;

(১৮) চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা;

(১৯) মহাপরিচালক, গভর্নেন্স ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয়;

(২০) মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর;

(২১) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক মনোনীত উহার অন্যূন অতিরিক্ত সচিব পদমর্যাদার একজন প্রতিনিধি;